


# চার বন্ধু

Adapted by BookBox


এই বইয়রে লখেক, চত্িরকর ও প্রকাশক অন্য ভাষায় এর অনুবাদে উৎসাহতি ও সহযোগতিা করে, কন্িতু তাদরে অনুরোধ এর লখো ও ছবরি পরবির্তন যনে সর্বনম্িন পর্যায়ে রাখা হয়।



শহর থেকে দূরে, এক বনে সকল পশুপাখি মিলেমিশে বসবাস করতো।




বনে থাকতো চারজন অন্তরঙ্গ বন্ধু: হরিণ, কচ্ছপ, কাক ও ইঁদুর। প্রতিদিন সন্ধ্যায় তারা একত্রিত হয়ে ঐ দিনের ঘটনা নিয়ে আলোচনা করতো।




একদিন হরিণ খুব ভয় পেয়েছে। “শিকারীরা সব জায়গায় ফাঁদ পেতে রেখেছে। ফাঁদ থেকে বাঁচার জন্য আমরা কি কিছু করতে পারি?” কাক কা-কা করে বললো, “হ্যাঁ, বন্ধু ইঁদুরের বুদ্ধিকে আমরা কাজে লাগাতে পারি।”




কাক যা দেখেছে তা বলতে শুরু করে। “একদিন আমি এক আশ্চর্য জিনিস দেখি।



এক ঝাঁক ঘুঘু শকিারীর জালে আটকা পড়ছেলিো। তারা পাগলরে মতো ডানা ঝাপটাচ্ছলিো।



তারপর অকস্মাৎ, ঘুঘুরা ঠোঁট দিয়ে জালটি ধরে আকাশে উড়াল দেয়।
তারা কোথায় গেলো? সোজা আমাদের ইঁদুর বন্ধুর কাছে।



ইঁদুর তার তীক্ষ্ণ দাঁত দিয়ে জালটি কেটে টুকরো টুকরো করে ফেললো।
এরপর মুক্ত হয়ে উড়ে যায়।




তারা আমাদের বন্ধুর কাছে অত্যন্ত কৃতজ্ঞ।"




গল্প শষে হওয়ার পর, হরণি পানরি সন্ধানে বরে হলো।




তখন তনি বন্ধু মলিে ফল-মূল-পাতা চবিাতে শুরু করে দলিো।



গল্প করতে অনেক রাত হয়ে গেলো। তারা হরিণের ফেরার অপেক্ষায় ছিল। কিন্তু হরিণের দেখা নেই। তিন বন্ধু দুশ্চিন্তায় পড়ে গেলো।



ভোরের দিকে, তারা যখন হরিণকে ডাকাডাকি করতে লাগলো। কাক সবদিকে উড়ে উড়ে হরিণকে খুঁজতে লাগলো।



সে দেখলো, বনের মধ্যে এক জায়গায় হরিণের পা জালে আটকে আছে।
“চিন্তা করো না,” কাক তাকে শান্তভাবে বললো, “আমরা একটা উপায় বের করবো।”



কাক দ্রুত তার বন্ধুদের কাছে উড়ে গেলো। কচ্ছপের মাথায় একটি বুদ্ধি এসেছে। সে বললো, “ইঁদুর, তাড়াতাড়ি কাকের পিঠে চড়ো।” কাক ইঁদুরকে পিঠে নিয়ে হরিণকে উদ্ধার করতে উড়াল দিলো।




সময় অপচয় না করে, ইঁদুর কুটকুট করে জাল কেটে ফেললো। ততক্ষণে উদ্বিগ্ন কচ্ছপ সেখানে পৌঁছেছে। “তুমি কেন এখানে এসেছো? যদি শিকারী চলে আসে, তবে তুমি পালাতে পারবে না,” হরিণ বললো।



ঠিকই শিকারী হাজির! তার পায়ের শব্দ শুনে, সকলে সেখান থেকে পালাতে লাগলো। কিন্তু কচ্ছপ যে খুব আস্তে চলে। শিকারী তাকে ধরে ফেললো এবং একটি লাঠির সঙ্গে বেঁধে রাখলো।




“না না! আমার জন্যই বেচারা কচ্ছপের বিপদে পড়লো,” হরিণ বললো।
হঠাৎ হরিণ লাফাতে লাফাতে পথের ধারে পুকুরের দিকে গেলো।



সে স্থির হয়ে পড়ে রইলো। কাল তার ওপর গিয়ে বসলো। শিকারী কচ্ছপ ফেলে দিয়ে হরিণকে নিতে গেলো। ইঁদুর দ্রুত জাল কেটে কচ্ছপকে মুক্ত করে দিলো।



কচ্ছপ যখন পানিতে গিয়ে নেমেছে, তখনই হরিণ উঠে ছুট লাগালো এবং কাক উড়াল দিলো। শিকারী ভয়ে কেঁপে উঠলো। সে কখনোই মৃত কোনো পশুকে প্রাণ ফিরে পেতে দেখেনি। বনকে ভুতুড়ে ভেবে সে প্রাণভয়ে দৌড়াতে লাগলো।



চার বন্ধু ঘরে ফিরে আসলো। তারা আবার একসঙ্গে হতে পেরে আনন্দিত।

Brought to you by

The Asia Foundation

Let's Read! is an initiative of The Asia Foundation's Books for Asia program that fosters young readers in Asia. booksforasia.org To read more books like this and get further information, visit letsreadasia.org .
Original Story The Four Friends, author: Adapted by BookBox . illustrator: Emanuele Scanziani. Published by BookBox, https://youtu.be/8C-ebZOZaxw © BookBox. Released under CC BY-NC-SA 4.0.
This work is a modified version of the original story. © The Asia Foundation, 2018. Some rights reserved. Released under CC BY-NC-SA 4.0.

For full terms of use and attribution, http://creativecommons.org/licenses/by-nc-sa/4.0/